সংবাদ

তারিখ ... 12 JAN 2017 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ২ ...

# জঙ্গিবাদ নির্মূলে শিক্ষকদের পাশাপাশি পরিবারকে সজাগ থাকতে হবে : শিক্ষামন্ত্রী



চট্টগ্রাম ব্যুরো

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, উন্নয়নে বাধাগ্রস্ত করতে দেশে জঙ্গিরা বোমা হামলা করছে। জঙ্গিরা চায় না এ দেশ উন্নত রাষ্ট্রে পরিণত হোক। শিক্ষার্থীদের টার্গেট করে অনেকে মদত দিচ্ছে, পৃষ্ঠপোষকতা করছে। যা কখনো কারো কাম্য নয়। তাই শিক্ষকদের সজাগ দৃষ্টি রাখতে হবে। তিনি বলেন, নিজের সন্তানদের মতো শিক্ষার্থীদের আদর, ভালোবাসা ও ভালো ব্যবহার দিয়ে পাঠদান করতে হবে। ভালো পদ্ধতির মাধ্যমে পাঠদান করে শিক্ষার্থীদের কাছে সেরা শিক্ষক হিসেবে পরিচিতি হতে হবে। যে শিক্ষক শিক্ষার্থীদের কাছে প্রিয়, তিনিই সেরা শিক্ষক। জঙ্গিবাদ নির্মূলে শিক্ষকদের পাশাপাশি পরিবারকে সজাগ থাকতে হবে। স্কুল থেকে এসে ছেলেমেয়েরা কার সঙ্গে চলাফেরা করছে, সেদিকে নজর রাখতে হবে। কোন খারাপ বন্ধুর সঙ্গে মিশে সন্তানরা যাতে খারাপ পথে ধাবিত না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। এভাবেই জঙ্গিবাদ মুক্ত করতে হবে।

গতকাল দুপুরে চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ মাঠে 'শিক্ষার উন্নত পরিবেশ, জঙ্গিবাদমুক্ত শিক্ষাঙ্গন' শীর্ষক শিক্ষক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। এ সময় শিক্ষামন্ত্রী স্কুল-কলেজের ম্যানেজিং কমিটি ও অভিভাবকদের সঙ্গে নিয়ে জঙ্গিবাদবিরোধী সামাজিক প্রতিরোধ গড়ে তুলতে শিক্ষকদের প্রতি নির্দেশনা দিয়েছেন। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক শাহেদা ইসলামের সভাপতিত্বে সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন শিক্ষা সচিব মো. সোহরাব হোসাইন, ভারপ্রাপ্ত সচিব মো. আলমগীর প্রমুখ। শিক্ষা অধিদফতরের মহাপরিচালক এসএম ওয়াহিদুজ্জামান, ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান, বিভাগীয় কমিশনার রুহুল আমিন, জেলা প্রশাসক মো. সামসুল আরেফিন, নগর পুলিশের অতিরিক্ত কমিশনার দেবদাস ভট্টাচার্য প্রমুখ। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক সুমন বড়ুয়ার সঞ্চালনায় সভায় বক্তব্য রাখেন চট্টগ্রাম কলেজের অধ্যক্ষ অধ্যাপক জেসমিন আকতার, সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ অধ্যাপক আবুল হাসান, রাঙ্গামাটি কলেজের অধ্যক্ষ জাফর আহমদ, খাগড়াছড়ির শীলা তালুকদার, মো. ইসমাইল, টেকনাফের মোস্তফা কামাল চৌধুরী প্রমুখ।